

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাধবপুর, হবিগঞ্জ।
Web : <http://madhabpur.habiganj.gov.bd>

স্মারক নং- ০৫.৪৬.৩৬৭১.০০৭.০৪.৭৯১.১৬- ৫০২(৪০)

তারিখ : ২৬/০৪/২০১৭খ্রিঃ

বিষয় :- WSIS আন্তর্জাতিক সম্মাননা অর্জনের লক্ষ্যে ভোট প্রদান।

সূত্র :- মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার ২৩/০৪/২০১৭খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১২.০৮২.০১৩.১৬-২৫৫নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতিসংঘের বিশেষায়িত সংস্থা International Telecommunication Union (ITU) প্রতি বছর তথ্য খাতে World Summit on the Information Society (WSIS) পুরস্কার প্রদান করে আসছে। মন্ত্রিপরিষদ বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের বিভিন্ন উদ্যোগ গত তিন বছর যাবৎ ধারাবাহিকভাবে WSIS পুরস্কার প্রাপ্তির বিরল সম্মান অর্জন করেছে। এরই ধারাবাহিকতায় এ বছরও এই প্রতিযোগিতায় এটুআই-এর মাধ্যমে সরকারের পাঁচটি প্রকল্প মনোনয়ন পেয়েছে।

এমতাবস্থায় WSIS পুরস্কার অর্জনের লক্ষ্যে সংযুক্ত নিয়মাবলী অনুযায়ী ভোট প্রদানসহ ব্যাপক প্রচারমূলক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত :- বর্ণনামতে- ০১ (এক) পাতা।



(মোহাম্মদ মোকলেছুর রহমান)

পরিচিতি নং- ১৬৫২৩

উপজেলা নির্বাহী অফিসার

মাধবপুর, হবিগঞ্জ।

ফোন : ০৮৩২৭-৫৬০০১

ফ্যাক্স : ০৮৩২৭-৫৬১৭৪

ই-মেইল- unomadhabpur@gmail.com

১। উপজেলা অফিসার (সকল)

মাধবপুর, হবিগঞ্জ।

২। চেয়ারম্যান ইউ/পি (সকল)

মাধবপুর, হবিগঞ্জ।

অনুলিপি :-

১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর ০৪.০০.০০০০.৫১২.০৮২.০১৩.১৬-২৫৫

তারিখ: ১০ বৈশাখ ১৪২৪
২৩ এপ্রিল ২০১৭

বিষয়: WSIS আন্তর্জাতিক সম্মাননা অর্জনের লক্ষ্যে ভোট প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জাতিসংঘের বিশেষায়িত সংস্থা International Telecommunication Union (ITU) প্রতি বছর তথ্য খাতে World Summit on the Information Society (WSIS) পুরস্কার প্রদান করে আসছে। মন্ত্রিপরিষদ বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের বিভিন্ন উদ্যোগ গত তিন বছর যাবৎ ধারাবাহিকভাবে WSIS পুরস্কার প্রাপ্তির বিরল সম্মান অর্জন করেছে। এ বছরও এই প্রতিযোগিতায় এটুআই-এর মাধ্যমে সরকারের নিম্নোক্ত পাঁচটি প্রকল্প মনোনয়ন পেয়েছে:

- Nothi: Less Paper Office;
- a2i's Social Media in Public Service Innovation Initiative;
- DAISY-Standard Accessible Reading Materials for Students with Visual and Print Disabilities;
- a2i's Unique Empathy Training Toolkit;
- Rural Entrepreneurship Model for Telimedicine and Services using locally developed PC and Smartphone-based diagnostic equipment and software.

০২। বিশ্বব্যাপী ভোট গ্রহণের মাধ্যমে WSIS পুরস্কার প্রদান করা হয়ে থাকে। গত তিন বছর যাবৎ তথ্যপ্রযুক্তিতে আন্তর্জাতিক পরিমন্ডলে স্বীকৃত উক্ত পুরস্কারপ্রাপ্তি ডিজিটাল বাংলাদেশ গঠনের একটি উল্লেখযোগ্য অর্জন। এ বছরও উক্ত পুরস্কার অর্জনের মাধ্যমে বিশ্বসভায় বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল করার জন্য ভোট প্রদান প্রক্রিয়ায় সকলের অংশগ্রহণ প্রয়োজন।

০৩। বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারগণ এবং তাঁদের দপ্তরের অন্যান্য কর্মকর্তাগণ প্রতিনিয়ত বিভিন্ন প্রকার সভা, সেমিনার, কর্মশালা, পরিদর্শন, দর্শন ও অন্যান্য জনসংযোগমূলক কার্যক্রমে অংশগ্রহণ করে থাকেন। অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণও মাঠ পর্যায়ে দাপ্তরিক কার্যক্রমে জনসংযোগ করে থাকেন। এ ছাড়া, বিভিন্ন জেলায় citizen journalism সরকারের উদ্যোগসমূহ প্রচারে বিশেষ ভূমিকা পালন করে থাকে। এজন্য দাপ্তরিক কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সমন্বয়ে উল্লিখিত বিষয়টির ব্যাপক প্রচারের বিশেষ ক্যাম্পেইনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

৪। নিম্নোল্লিখিত লিংকে ভোট প্রদানের নির্দেশিকা ও ভিডিও গাইডলাইন সংযোজিত করা হয়েছে: <http://bangladesh.gov.bd/site/page/3cd2f639-b98e-49c9-b3f7-08f08e90d3dd>। উল্লেখ্য, ভোট প্রদান প্রক্রিয়াটি সফলভাবে সম্পন্ন করার জন্য ১৮টি ক্যাটাগরিতেই ভোট প্রদান করতে হবে। উল্লেখ্য, আগামী ৩০ এপ্রিল ২০১৭ ভোট প্রদানের শেষ তারিখ।

০৪। এমতাবস্থায়, WSIS পুরস্কার অর্জনের লক্ষ্যে সরকারি, বেসরকারি কর্মকর্তা-কর্মচারী, এনজিও, সুধিবৃন্দ ও স্থানীয় জনগণ, citizen journalism ও শিক্ষার্থীদের ভোট প্রদানে উৎসাহিতকরণের লক্ষ্যে ব্যাপক প্রচারমূলক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, এ বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগকেও অনুরোধ জানানো হয়েছে।

(মোঃ মাকসুদুর রহমান পাটওয়ারী)

অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)

মন্ত্রিপরিষদ বিভাগ

ফোন: ৯৫৭৩৮৩৩

ই-মেইল: addl_dfa@cabinet.gov.bd

১। বিভাগীয় কমিশনার

----- (সকল)।

২। জেলা প্রশাসক

----- (সকল)।

৩। উপজেলা নির্বাহী অফিসার

----- (সকল)।

অনুলিপি:

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।